বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ


পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৭/২০২২

তারিখঃ ০৪/০৮/২০২২

বিষয় ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। করোনা ভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে ঋণদান কার্যক্রম সম্প্রসারণের জন্য সরকার ১,৫০০ (এক হাজার পাঁচ শত) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। উক্ত প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের জন্য মোট ৩০০ (তিন শত) কোটি টাকা বরাদ্দ করা হয় যা এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড় করা হয়। অর্থ বিভাগের পরামর্শ মোতাবেক উক্ত তহবিল দ্বারা একটি রিভলভিং ফান্ড গঠন করা হয় যা হতে অতিক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ করা হবে। অংশীদারি ব্যাংক হিসাবে উক্ত রিভলভিং ফান্ড হতে অর্থায়নের লক্ষ্যে বিগত ২৭/০৭/২০২২ তারিখে এসএমসই ফাউন্ডেশন ও বাংলাদেশ কৃষি ব্যাংকের মাঝে একটি দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে।

০৩। এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত রিভলভিং ফান্ড পরিচালনার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের জারিকৃত নীতিমালা এবং এসএমসই ফাউন্ডেশন ও বাংলাদেশ কৃষি ব্যাংকের দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামার ভিত্তিতে একটি নীতিমালা প্রস্তুতপূর্বক জারি করা হলো।

০৪। নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য

৪.১ লক্ষ্য ঃ করোনা মহামারি (কোভিড-১৯) পরবর্তী পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিতকরণ এবং পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্টির জীবনমান উন্নয়ন।

৪.২ উদ্দেশ্য ঃ গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের অতিক্ষুদ্র (মাইক্রো) ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে (নারী উদ্যোক্তাসহ) সহজ শর্তে, স্বল্পসুদে এবং স্বল্প সময়ের মধ্যে ঋণ বিতরণের মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা চালু, সম্প্রসারণ ও টেকসই করা।

০৫। ঋণ প্রাপ্তির যোগ্যতা, ঋণের পরিমান, সুদের হার ও মেয়াদ

৫.১ ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ করোনা মহামারির কারণে গ্রামীণ এবং প্রান্তিক পর্যায়ের ক্ষতিগ্রস্থ অতিক্ষুদ্র (মাইক্রো) ও ক্ষুদ্র উদ্যোক্তা, বিশেষ করে যারা-

- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর এবং ক্লাস্টারের উদ্যোক্তা ;
- দেশে উৎপাদিত পণ্যের ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা ;
- নারী উদ্যোক্তা ;
- নতুন উদ্যোক্তা অর্থাৎ যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি ;
- পশ্চাদপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারিরীকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা ;
- সারাদেশের ট্রেডবডি, এমএসএমই সংগঠন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব ও ক্লাস্টার ইত্যাদি অ্যাসোসিয়েশনের সদস্য উদ্যোক্তা।

৫.২ ঋণের পরিমান ঃ

উদ্যোক্তা পর্যায়ে ঋণের পরিমাণ হবে ন্যূনতম ১.০০ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত।

৫.৩ উদ্যোক্তা পর্যায়ে সুদের হার ঃ

উদ্যোক্তা পর্যায়ে ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৪ (চার) শতাংশ, যা ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে। ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জের বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২১, তারিখঃ ২৯/০৮/২০২১ এবং সময়ে সময়ে অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসরণীয় হবে।

৫.৪ জামানত ঃ

এ কর্মসূচির আওতায় অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উদ্যোক্তা-ব্যাংকার সম্পর্কের ভিত্তিতে উদ্যোক্তা পর্যায়ে জামানতবিহীন ঋণ প্রদানে উৎসাহ প্রদান করতে হবে। এক্ষেত্রে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং- ২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২১-২২/২৫ তারিখঃ ০৫/০৭/২০২১ অনুসরণযোগ্য হবে।

বিষয় ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৫.৫ অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুদের হার ও সার্ভিস চার্জ ঃ

আলোচ্য কর্মসূচির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন কর্তৃক অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে সুদমুক্ত তহবিল প্রদান করা হবে। অর্থ্যাৎ প্রদত্ত তহবিলের বিপরীতে কোন সুদ আদায় করা হবে না। তবে, ছাড়কৃত তহবিলের ওপর ০.৫% হারে সার্ভিস চার্জ আদায় করা হবে, যা ষান্মাষিক ভিত্তিতে হিসাবায়ন করা হবে এবং এসএমই ফাউন্ডেশনের নিজস্ব হিসাব এ জমা করতে হবে।

৫.৬ গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ ঃ

গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ৩ (তিন) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। তবে ঋণ গ্রহিতার সুবিধার্থে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে গ্রেস পিরিয়ড হ্রাস এবং কিস্তির পরিমাণ সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে। এছাড়া, পণ্য উৎপাদনকালীন সময়ে কাঁচামাল ক্রয়ের জন্য সিজনাল ঋণ বা স্বল্প মেয়াদী (সর্বোচ্চ ১ বছর) ঋণ প্রদান করা যাবে যা ঋণের মেয়াদ শেষে এসএমই ফাউন্ডেশনকে এককালীন পরিশোধ যোগ্য হবে।

৫.৭ অংশীদারি ব্যাংক কর্তৃক এসএমই ফাউন্ডেশনকে তহবিল ফেরত প্রদান ঃ

এসএমই ফাউন্ডেশন হতে প্রদত্ত তহবিল এবং সার্ভিস চার্জ অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অনুকূলে তহবিল ছাড়ের তারিখ হতে ষান্মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে। তবে স্বল্পমেয়াদি সিজনাল ঋণের ক্ষেত্রে সমুদয় তহবিল এক কিস্তিতে পরিশোধ করতে হবে। তহবিল পরিশোধের ক্ষেত্রে কিস্তির পরিমাণ ও পরিশোধের তারিখসহ 'সুনির্দিষ্ট পরিশোধসূচি/রিপেমেন্ট সিডিউল' উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের ধরণের উপর ভিত্তি করে নির্ধারণ করা হবে যা উভয় প্রতিষ্ঠানের সম্মতির মাধ্যমে চূড়ান্ত করা হবে এবং যা মূল চুক্তির অবিচ্ছেদ্য অংশ হিসাবে বিবেচিত হবে।

৫.৮ ফাউন্ডেশন হতে তহবিল ছাড় এবং উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণ ঃ

অংশীদারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ বিতরণের পূর্বে অথবা পরে সম্পূর্ণ কিংবা আংশিক তহবিল এসএমইএফ হতে গ্রহণ করতে পারবে। তহবিল ছাড়ের আবেদন এবং ডিমান্ড প্রমিজারি নোট (ডিপি নোট) স্বাক্ষরের মাধ্যমে ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করা হবে। ফাউন্ডেশন হতে তহবিল প্রাপ্তির সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে ছাড়কৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার অর্থাৎ উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ নিশ্চিত করতে হবে। প্রাপ্ত তহবিল ৬০ (ষাট) দিনের মধ্যে বিতরণ করা সম্ভব না হলে, অবিতরণকৃত তহবিল পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ৪ (চার) শতাংশ সুদসহ এসএমই ফাউন্ডেশনকে ফেরত প্রদান করতে হবে।

৫.৯ চুক্তির মেয়াদ ঃ

চুক্তির মেয়াদকাল ৫ (পাঁচ) বছর, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর হবে। উক্ত সময়সীমার মধ্যে ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করবে, ঋণ বিতরণ সম্পন্ন করবে এবং নির্ধারিত পরিশোধসূচি অনুযায়ী সমুদয় তহবিল এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ফেরত প্রদান করবে। এক্ষেত্রে ফাউন্ডেশন হতে তহবিল ছাড়ের সময়সীমা হবে সর্বোচ্চ দুই বছর।

৫.১০ ঋণের ব্যবহার ঃ

করোনা ভাইরাস পরবর্তী পরিস্থিতিতে অনুচ্ছেদ ৫.১ এ বর্ণিত উদ্যোক্তাদের ব্যবসা চালু রাখা বা পরিচালনার জন্য চলতি মূলধন ঋণ (ওয়ার্কিং ক্যাপিটাল), মূলধনী যন্ত্রপাতি আমদানি এবং ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে এ ঋণ বিতরণ করতে হবে। ঋণ খেলাপি কোনো উদ্যোক্তাকে অত্র প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবে না। এছাড়া, গ্রাহকের বিদ্যমান কোনো ধরনের ঋণ (এমনকি ব্যাক্তিগত ঋণও) সমন্বয় বা ঋণ টেক ওভারের উদ্দেশ্যে অত্র প্যাকেজের আওতায় ঋণ প্রদান করা যাবে না। এছাড়া অনুৎপাদনশীল খাত যেমন, মুদি দোকান, ওষধ বিক্রেতা, হার্ডওয়ার বিক্রেতা এবং পরিবেশ দূষণ ঘটায় যেমন ইটভাটা, তামাকজাত দ্রব্য প্রস্তুতকারী ও বিক্রেতাকে এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করা যাবে না।

০৬। ঋণের আবেদনপত্র দাখিল, ঋণ গ্রাহক বাছাই, ঋণ মঞ্জুরি ও বিতরণ, আদায় এবং ঋণ ঝুঁকি

৬.১ ঋণের জন্য আবেদন ঃ

ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তারা ঋণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নির্ধারিত শাখায় সরাসরি যোগাযোগ করে ঋণ আবেদন করবেন। চলতি মূলধন/নগদ পূজি ঋণের ক্ষেত্রে এসএমই ঋণ আবেদন ফরম এল,এফ-৮(খ) এবং মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রকল্প ঋণ আবেদন ফরম এল,এফ-৪(সংশোধিত) ব্যবহার করতে হবে। আবেদনের সময় উদ্যোক্তারা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ডকুমেন্ট এবং প্রমানাদিসহ পূর্ণাঙ্গ (Complete) তথ্যাদি দাখিল করবেন। অসম্পূর্ণ আবেদনপত্র ঋণের জন্য বিবেচনা করা হবে না।

৬.২ ঋণ মঞ্জুরি ও বিতরণ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের একটি চেকলিস্ট ঋণ গ্রহনে আগ্রহী উদ্যোক্তাদের সরবরাহ করবে। ঋণের আবেদনপত্র প্রাপ্তির পর ব্যাংক অগ্রাধিকারভিত্তিতে ঋণ মঞ্জুরি ও বিতরণের উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে কোন ডকুমেন্ট বা কাগজপত্রের ঘাটতি থাকলে, ব্যাংক কর্তৃপক্ষ বিষয়টি সংশ্লিষ্ট উদ্যোক্তাকে সর্বোচ্চ ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অবহিত করবে এবং নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে তা দাখিল/প্রতিপালনের জন্য পরামর্শ প্রদান করবে। উদ্যোক্তা উক্ত সময়সীমার মধ্যে ডকুমেন্ট দাখিল কিংবা শর্ত প্রতিপালন করতে না পারলে, সেক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কারন উল্লেখ করে- উক্ত আবেদনপত্র উদ্যোক্তাকে ফেরত প্রদান করতে পারবে।

বিষয় ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৬.৩ ঋণ মঞ্জুরি ও বিতরণের জন্য সময়সীমা ঃ

৬.৩.১ সুনির্দিষ্ট কোনো কারণ না থাকলে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ 'পূর্নাঙ্গ ঋণ আবেদনপত্র' ব্যাংকের নিকট দাখিলের সর্বোচ্চ ১৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক ঋণ মঞ্জুর করে গ্রাহকের অনুকূলে বিতরণের জন্য উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করবে।

৬.৩.২ কোনো কারণে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণ করা সম্ভব না হলে, সেক্ষেত্রে ঋণ মঞ্জুরি না হওয়ার কারণ এবং এবিষয়ে কোনো পরামর্শ থাকলে, তা উল্লেখ করে- ব্যাংক উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করবে। ঋণ আবেদনকারী বর্ণিত সময়সীমা বৃদ্ধি কিংবা পুনরায় ঋণ আবেদন করতে পারবেন।

৬.৩.৩ ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ মঞ্জুরির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের সরাসরি কোন ভূমিকা কিংবা সংশ্লিষ্টতা থাকবে না। ব্যাংক ফাউন্ডেশনের সাথে স্বাক্ষরিত চুক্তির নির্দেশনা ও শর্তাবলী অনুসরণ করে তাদের নিজস্ব নীতিমালা/ক্রাইটেরিয়া অনুযায়ী ঋণ মঞ্জুর ও বিতরণ করবে।

৬.৩.৪ ঋণ আবেদন ফরম এবং ঋণ মঞ্জুরীপত্রে " **এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত** " বাক্যটি সংযুক্ত করতে হবে।

৬.৪ ঋণ আদায়ের দায়িত্ব ও ঋণ ঝুঁকি ঃ

ঋণ আদায়ের দায়-দায়িত্ব এবং ঋণ ঝুঁকি (credit risk) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ওপর বর্তাবে। অর্থাৎ ঋণ বিতরণ ও আদায়ে এসএমই ফাউন্ডেশনের কোন দায় এবং ঋণ ঝুঁকি (credit risk) থাকবে না। তবে উপযুক্ত এসএমই উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকরণে ফাউন্ডেশন সার্বিকভাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সবরকম সহযোগিতা প্রদান করবে।

৬.৫ গ্রুপভিত্তিক ঋণ ঃ

সাধারণভাবে একক (প্রোপাইটরশিপ), যৌথ মালিকানাধীন (পার্টনারশিপ) ও প্রাইভেট লিমিটেড উদ্যোগের অনুকূলে ঋণ বিতরণ করা যাবে। তবে প্রান্তিক ও ক্ষুদ্র উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে ব্যাংকার-কাস্টমার সম্পর্ক ও ঐক্যমতের ভিত্তিতে সর্বোচ্চ ৫ (পাঁচ) জন উদ্যোক্তার অনুকূলে গ্রুপভিত্তিক ঋণ বিতরণ করা যাবে।

৬.৬ বিশেষ অগ্রাধিকার:

৬.৬.১ ঋণ বিতরণের ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদানসহ মোট ঋণের ন্যূনতম ২৫ (পঁচিশ) শতাংশ নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ করতে হবে।

৬.৬.২ কেবলমাত্র নারী উদ্যোক্তাগণকে ব্যবসা (ট্রেডিং) খাতে ঋণ বিতরণ করা যাবে, তবে তা কোনভাবেই নারী উদ্যোক্তাগণকে প্রদত্ত মোট ঋণের ৪০ (চল্লিশ) শতাংশের এর অধিক হবে না।

৬.৬.৩ প্রান্তিক পর্যায়ের ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তার উদ্দেশ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের বিতরণকৃত মোট ঋণ/তহবিলের ন্যূনতম ৩০ (ত্রিশ) শতাংশ তহবিল ১০.০০ (দশ) লক্ষ বা তদনিম্ন (ঋণের আকার) পরিমাণের ঋণ বিতরণ করতে হবে।

৬.৬.৪ অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ঋণ বিতরণের ক্ষেত্রে ক্লাস্টার এবং সেক্টরের ভ্যালু চেইনের প্রতি অগ্রাধিকার প্রদান করতে হবে। ক্লাস্টার ও ভ্যালু চেইনের উদ্যোক্তাদের ক্ষেত্রে মোট বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ২৫% ঋণ ব্যবসা (ট্রেডিং) খাতে প্রদান করা যাবে। (ভ্যালু চেইন বলতে; সংশ্লিষ্ট খাতের সঙ্গে জড়িত আনুষাঙ্গিক ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ ব্যবসাকে বুঝাবে। টেক্সটাইল খাতের প্রয়োজনীয় কাঁচামাল যেমন সুতা, রং, স্ক্রিন প্রিন্ট, প্যাকেজিং, খুচরা যন্ত্রাংশ বিক্রেতা, সরবরাহকারী এবং উৎপাদিত পণ্য পাইকারী ও খুচরা বিক্রেতা)।

৬.৬.৫ ক্লাস্টারের উদ্যোক্তাদের মোট বিতরণকৃত ঋণের নূন্যতম ১০% বিতরণ করতে হবে। ঋণ বিতরণ কালে এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬.৭ অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণ আবেদন এবং ঋণ আদায়ে সহযোগিতা ঃ আলোচ্য কর্মসূচির ক্ষেত্রে উদ্যোক্তা সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনগুলোকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংযুক্ত করা হবে বিধায় উদ্যোক্তারা অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া অ্যাসোসিয়েশনগুলোকে তাদের সদস্য উদ্যোক্তাদের মধ্যে যারা ঋণ গ্রহণে আগ্রহী এবং যোগ্য, তাদের তালিকা সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান শাখায় প্রেরণ করতে পারবে। এ লক্ষ্যে অ্যাসোসিয়েশনগুলোতে একজন করে ফোকাল পারসন থাকতে পারে যিনি সময়ে সময়ে ব্যাংকের সাথে যোগাযোগ করবেন, ঋণ মঞ্জুরি ও বিতরণের বিষয়টি ফলোআপ করবেন এবং প্রয়োজনে ঋণ আদায়ে সহযোগিতা করবেন।

বিষয় ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

৬.৮ এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি হতে প্রেরিত উদ্যোক্তাদের তালিকা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এ নীতিমালা এবং প্রচলিত যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করবে।

০৭। মনিটরিং এন্ড রিপোর্টিং ঃ

৭.১ মনিটরিং ঃ

এসএমই ফাউন্ডেশন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করবে। অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ বিতরণের পর এসএমই ফাউন্ডেশনের নিজস্ব পদ্ধতি ও লোকবল দ্বারা ঋণ সরেজমিনে পরিদর্শন করে- চুক্তি অনুযায়ী এবং সঠিক উদ্যোক্তার অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে কিনা তা যাচাই ও নিশ্চিত করবে। এছাড়া ঋণ বিতরণ ও আদায়ে ব্যাংককে সহযোগিতা করার লক্ষ্যে ফাউন্ডেশন প্রতিটি সাব-সেক্টর/ক্লাস্টার/অঞ্চল/গ্রুপে একজন কর্মকর্তাকে ফোকাল পারসন হিসেবে নিযুক্ত করবে, যিনি ঋণের গ্রাহক বাছাইসহ আদায় পর্যন্ত প্রতিটি পর্যায়ে ব্যাংককে প্রয়োজনীয় সহযোগিতা ও সমন্বয় করবেন। ঋণ বিতরণ পরবর্তীতে ফাউন্ডেশনের পক্ষ হতে উদ্যোক্তাদের সরেজমিনে পরিদর্শন করা হবে।

৭.২ রিপোর্টিং ঃ

ব্যাংক প্রতিমাসের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করবে। এসএমই ফাউন্ডেশন ও তার নিজস্ব সিস্টেম বা সফটওয়্যারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত চাইলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তা সরবরাহ করবে।

০৮। **অর্থ বিভাগের শর্তানুযায়ী ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশনের পদক্ষেপ**

৮.১ ঋণ বিতরণে অন্যান্য প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণঃ আলোচ্য ঋণ কর্মসূচির মূল উদ্দেশ্যের সাথে সংগতি রেখে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ঋণের সুবিধা যাতে গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ প্রাপ্ত হন, সে লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন সম্ভব সকল পদক্ষেপ গ্রহণ করবে। এসএমই ফাউন্ডেশন প্রতিটি জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসনসহ স্থানীয় প্রশাসন, বাংলাদেশ ব্যাংক, বিসিক, মহিলা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা চেম্বার, নাসিব, নারী উদ্যোক্তা সংগঠন, এনজিও ইত্যাদি উদ্যোক্তা সহায়তাকারী প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করবে।

৮.২ উদ্যোক্তাদের অনুকূলে দ্রুততম সময়ে এবং যথাযথভাবে ঋণ বিতরণ নিশ্চিতকরণ ও ত্বরান্বিতকরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন হতে বিভিন্ন ধরনের সহযোগিতামূলক অ-আর্থিক (নন-ফাইনান্সিয়াল) কর্মসূচি গ্রহণ করা হবে। যেমন ঋণ সংযোগকরণ, লিংকেজ, ফাইনান্সিয়াল লিটারেসি, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি। এছাড়া উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণ ও বাস্তবায়নের উপযোগী করার জন্য এসএমই ফাউন্ডেশন প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করবে।

৮.৩ ফোকাল ব্যাংক শাখা ও কর্মকর্তা নির্ধারণঃ এসএমই ফাউন্ডেশন অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে উদ্যোক্তাদের জন্য সুবিধাজনক এক বা একাধিক শাখা এবং প্রতিটি শাখায় একজন ফোকাল কর্মকর্তা নির্ধারণ করবে। উদ্যোক্তারা ঋণের বিষয়ে ফোকাল কর্মকর্তাদের সাথে যোগাযোগ করবেন। এছাড়া প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে একজন ফোকাল কর্মকর্তা থাকবেন, যিনি এসএমই ফাউন্ডেশন, ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখা এবং উদ্যোক্তাদের সাথে সমন্বয় সাধন করবেন।

৮.৪ উদ্যোক্তা ও ব্যাংকের সাথে সমন্বয়ঃ উদ্যোক্তারা অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে কাঙ্ক্ষিত সেবা/সহায়তা প্রাপ্ত না হলে কিংবা ঋণের ক্ষেত্রে অযৌক্তিকভাবে বিলম্ব হলে কিংবা ঋণের বিষয়ে উদ্যোক্তাদের সুনির্দিষ্ট অভিযোগ থাকলে-উদ্যোক্তাগণ এবিষয়ে এসএমই ফাউন্ডেশনকে অবহিত করতে পারবেন। এলক্ষ্যে এসএমই ফাউন্ডেশনে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন (ফোকাল পারসন), যার সাথে উদ্যোক্তারা সরাসরি যোগাযোগ করতে পারবেন। তিনি উদ্যোক্তাদের বিষয়সমূহ ফলো-আপসহ উদ্যোক্তাদের সাথে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংযোগ স্থাপন করবেন। উদ্যোক্তাগণ অনলাইনের মাধ্যমেও ফাউন্ডেশনের সাথে যোগাযোগ করতে পারবেন।

৮.৫ অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে প্রত্যর্পণকৃত তহবিল এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হিসেবে জমা করা হবে।

০৯। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়িত্ব ও করণীয় ঃ আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় অংশীদার ব্যাংক চুক্তির শর্ত ও অগ্রাধিকার মোতাবেক করোনায় ক্ষতিগ্রস্ত গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা বিশেষ করে যারা এখন পর্যন্ত ঋণপ্রাপ্ত হননি, তাদেরকে ঋণের আওতায় আনার লক্ষ্যে উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করবে এবং এ বিষয়ে প্রধান কার্যালয় হতে শাখা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যেও ব্যাংক বিশেষ কর্মসূচি গ্রহণ করবে। এছাড়া অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবিষয়ে এসএমই ফাউন্ডেশন ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনকে সময়ে সময়ে প্রয়োজনীয় তথ্য প্রদান ও অন্যান্য সহযোগিতা করবে।

বিষয় ঃ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।

১০। বিশেষ শর্ত প্রতিপালন ঃ আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ বিতরণসহ সরকার প্রদত্ত তহবিল ব্যয়ের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন অর্থ বিভাগের ২২ আগস্ট তারিখের প্রজ্ঞাপন সূত্র নং- ০৭.১০১.০২০.০৩.০৯.০০৪.২০২০-২৮ সহ সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ ও পরিচালনার বিষয়টি নিশ্চিত করবে।

১১। পরিবেশ ও জলবায়ু সংরক্ষণ ঃ এসএমই ফাউন্ডেশন এর ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরিবেশ ও জলবায়ু সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে থাকে। উদ্যোক্তাদের মধ্যে ঋণ প্রদানের ক্ষেত্রে পরিবেশ দূষণকারী বা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ কোন প্রতিষ্ঠান যেন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সুবিধা না পায় সেলক্ষ্যে সর্বাত্মক চেষ্টা করতে হবে।

১২। চুক্তির পরিবর্তন ও সংশোধন ঃ আলোচ্য কর্মসূচির আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সহজ ও ত্বরান্বিত এবং অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশন এবং অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান- উভয় পক্ষের সম্মতি এবং সে অনুযায়ী ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের অনুমোদন অনুযায়ী নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করা হবে।

১৩। এমতাবস্থায়, করোনা ভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিতকরণ এবং পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড়কৃত তহবিল দ্বারা গঠিত 'রিভলভিং ফান্ড' হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে উক্ত নীতিমালা জারি করা হলো। উক্ত নীতিমালা অনুসরণপূর্বক আলোচ্য রিভলভিং ফান্ড হতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো। এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করে মাসিক ঋণ বিতরণ বিবরণী (সংযোজনী-১), ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রোফাইল (সংযোজনী-২), সঠিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে মাঠ কার্যালয়ের প্রত্যয়নসহ (সংযোজনী-৩) পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/০৮/২০২২

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৬(২)/২০২২-২০২৩/ ২৪২(১২৫০) তারিখঃ ০৪/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

4/08/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযোজনী -১

**Appendix-1**

## Bangladesh Krishi Bank

### Monthly Cumalative Statement of Loan Disbursment & Recovery

Amount in Tk

| SL | Clients Name | Address | Mobile No. | Loan Disbursed | | | Loan Recoverd | | | | | | | Loan Outstanding | Loan Overdue | Loan Status | Date Of Disbursment | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Previous Month | Current Month(s) | Cumulative | Previous Month | | Current Month(s) | | | Cumulative | | | | | | |
| | | | | | | | Principal | Interest | Principal | Interest | Total | Principal | Interest | | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |

Authorized Signature

Authorized Signature

সংযোজনী-২

# Bangladesh Krishi Bank
## Beneficiary Enterprise's Profile

(Please give tick instead of putting data where applicable)

Name of the Program:

| 1. Basic Information | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 1.1 Name of the Client | | | | | | |
| 1.2 Client Loan Code | | | | | | |
| 1.3 Name of the Owner(s) | 1.<br>2.<br>3. | | | | | |
| 1.4 Legal Status | Proprietorship | | Partnership | | Others | |
| 1.5 Address | Office/Shop | | Factory | | Residence | |
| | | | | | | |
| 1.6 Contact | T & T :<br>Mobile :<br>Fax : | | T & T :<br>Mobile :<br>Fax : | | T & T :<br>Mobile :<br>Fax : | |
| 1.7 Establishment Date | | | | | | |
| 1.8 Legal Permission | Trade License | | TIN | | VAT Certificate | |

| 2. Personal Information of the Entrepreneur(s) | | | | |
|---|---|---|---|---|
| 2.1 Gender | Male | | Female | |
| 2.2 Fathers Name | | | | |
| 2.3 Mother's Name | | | | |
| 2.4 Spouse Name | | | | |
| 2.5 Dependents (No.) | Children | | Others | |
| 2.6 Age | | | | |
| 2.7 Education | | | | |
| 2.8 Experience | | | | |

| 3. Business Information | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 3.1 Nature of Business | | | | | | |
| 3.2 Name of the Product(s) | | | | | | |
| 3.3 Type of Business | Manufacturing | | Service | | | |
| 3.4 Assets & Liabilities | Total Assets | | Total Liabilities | | | |
| 3.5 Annual Production (for mentioning more number of products, additional paper can be enclosed) | Products Name | | Qty | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| 3.6 Annual Sales Revenue | | | | | | |
| 3.7 Nature of Sales | Wholesale (%) | | Retailing (%) | | | |
| 3.8 Type of Sales | Cash (%) | | Credit (%) | | | |
| 3.9 Credit Realization Period | <15 Days | <1 Month | <45 Days | <2 Months | More than 3 Months | More than 6 Months |
| 3.10 Marketing/Buyers | Local (%) | | Foreign (%) | | Both | |
| 3.11 Working Capital in Tk. | | | | | | |
| 3.12 Source of Capital | Own (%) | | Banks/NGOs (%) | | Informal Lenders (%) | |

## 4. Entrepreneurs Training Information

| | | | |
|---|---|---|---|
| Number of Trainings Previously Received | | | |
| Details of Trainings (for mentioning more number of trainings, additional paper can be enclosed) | Name of the Training | Duration | Training Provider |
| | | | |
| | | | |
| | | | |
| Future Training Needs | | | |

## 5. Previous Loan Information

| | | | | |
|---|---|---|---|---|
| Number of loans previously taken | | | | |
| Information of Immediate Last Loan | Name of the Financial Institution | | | |
| | Loan Type | | Amount | |
| | Interest Rate | | Date of Adjustment | |

## 6. Employment Information

| | Male | | Female | |
|---|---|---|---|---|
| | Number | Duration in Months | Number | Duration |
| Full Time (in month) | | | | |
| Part Time (in month) | | | | |
| Temporary (hired labor) | Number of Labor | Duration in Days | Number of Labor | Duration in Days |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

## 7. Information of Current Loan

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Amount Applied | | | | | | |
| Project Information | Total Project Value | | Equity | | | |
| SME Sub-sector | Technology based | | Agro-based/Agro Processing | | | |
| Amount Sanctioned | | | | | | |
| Tenure in Months | | | | | | |
| Date of Sanction | | | | | | |
| Repayment | Weekly | | Monthly | | Others | |
| Installment Size in Tk. | | | | | | |
| Security | | | | | | |
| Purpose of the Loan | | | | | | |

## 8. Future Plan

| |
|---|
| |

সংযোজনী-৬

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, -------- ।

## প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র

করোনা ভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে ঋণদান কার্যক্রম সম্প্রসারণের জন্য এসএমই ফাউন্ডেশনের ৩০০.০০ (তিন শত) কোটি টাকার রিভলভিং ফান্ড হতে বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে বরাদ্দকৃত ২০.০০ কোটি টাকার মধ্যে বিভাগীয় কার্যালয়, --------- এর অনুকূলে বরাদ্দকৃত ------- টাকা বিপরীতে জুলাই/২০২২ মাসে ৪% সুদে ------টি ঋণের বিপরীতে মোট ------------ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং--------/২০২২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রকৃত ঋণ গ্রহীতাদেরই এ ঋণ প্রদান করা হয়েছে।

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

উপমহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়